ভোরের কাগজ

ভোরের কাগজ

তারিখ ... 17 MAR 2003 ...
পৃষ্ঠা ...

# ঢাবি শিক্ষকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগ শিক্ষামন্ত্রীর একান্ত সচিবের বিরুদ্ধে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** পিতার মোবাইল ফোন নম্বর দিতে না পারায় পুত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রভাষক নাদির জুনাইদকে শিক্ষামন্ত্রীর একান্ত সচিব মোঃ গোলাম ইয়াহিয়া অকথ্য ভাষায় গালিগালাজ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

এ সম্পর্কে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক নাদির জুনাইদ ভোরের কাগজকে জানান, 'শুক্রবার সকালে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুকের একান্ত সচিব মোঃ গোলাম ইয়াহিয়া আমাদের বাসভবনে টেলিফোন করে আমার পিতা ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদের মোবাইল ফোন নম্বর চান। আমি তাকে নম্বরটি দিতে না পারায় তিনি ধমকের সুরে নম্বরটি জানি না কেন জিজ্ঞাসা করেন। আমি তখন নিজেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে পরিচয় দেওয়ার পর তিনি আমার প্রভাষক পদকে উপহাস করেন এবং আমার সঙ্গে তুমি সম্বোধন করে কথা বলতে থাকেন। এক পর্যায়ে আমি ফোন রেখে দিলে কিছুক্ষণ পর তিনি ফোন করেই বলেন সরকারি ফোন আমি কেন ব্যবহার করছি এবং আরও বলেন, তোমাকে দেখে নেওয়া হবে। তিনি আমাকে হুমকি দিচ্ছেন কিনা জানতে চাইলে তিনি উচ্চস্বরে চিৎকার করে বলেন, হ্যাঁ হ্যাঁ আমি হুমকি দিচ্ছি। এ সময় তিনি একাধিকবার আমাকে ব্লাডি হেল বলে গালি দেন এবং বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রোভিসিরা আমাদের কাছে কিছু না আর আপনিতো এক ব্লাডি হেল লেকচারার।'

তবে শিক্ষামন্ত্রীর একান্ত সচিব মোঃ গোলাম ইয়াহিয়া এই ঘটনা অস্বীকার করে বলেন, 'আমি নাদির জুনাইদকে গালিগালাজ করিনি। শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর জুনাইদের ছেলে পরিচয় জানার পর আমি তার সঙ্গে তুমি সম্বোধন করেছি মাত্র। বরং নাদির জুনাইদ উত্তেজিত হয়ে আমার সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। আপনার সঙ্গে নাদির জুনাইদের পূর্বে কোন পরিচয় নেই তাহলে আপনার বিরুদ্ধে তিনি মিথ্যা অভিযোগ কেন করবেন? জানতে চাইলে তিনি বলেন, 'আমি জানি না কেন নাদির জুনাইদ আমার বিরুদ্ধে মিথ্যা অপবাদ দিচ্ছেন।'

**গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একাডেমিক কমিটির নিন্দা**

শিক্ষামন্ত্রীর একান্ত সচিব মোঃ গোলাম ইয়াহিয়া গত ১৪ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক নাদির জুনাইদকে তার পিতা ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদের মোবাইল টেলিফোন নম্বর দিতে না পারার কারণে অশোভন ভাষায় গালিগালাজ করেন ও তাকে দেখে নেওয়ার হুমকি দেন। গতকাল রোববার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একাডেমিক কমিটি এক জরুরি সভায় এ ঘটনার তীব্র নিন্দা জানায়। জনাব ইয়াহিয়া ঢাকা